

“বিশ্ব-একুশ”-এর মর্মসংগীত

কথা ও সুর :- ফতেমোল্লা।

দিগন্তরে -

অমর একুশে যুগ-যুগান্তরে,
ছড়িয়ে গেল আজ আজ কি মন্তরে,
মুক্তিকামী মানুষের অন্তরে।।

ওই একুশে - একুশে - একুশে ॥

রফিক সালাম -

দেশ বিদেশে ছড়িয়ে গেল নাম,
দেশ বিদেশে সবে জানাল সালাম ॥

রক্তরাগে -

শহীদ মিনার কি অলক্ত-রাগে,
বিশ্ববীণায় বাজে সপ্তরাগে।

ওই একুশে - একুশে - একুশে ॥

কি ঝংকারে -

বিশ্ব-ললাটে জ্বলে অহংকারে,
একুশে - রক্তক্ষতের অলংকারে ॥

ওই একুশে - একুশে - একুশে ॥

এসো সবে -

বিশ্ব-মাতৃভাষার এ উৎসবে,
বাংলার দানে ধরা ধন্য হবে ॥

এসো এসো ভাই -

অমর একুশের জয়গান গাই,
মায়ের ভাষার বড় নাই কিছু নাই ॥

ওই একুশে - একুশে - একুশে ॥

সুরটায় বহু বর্ণাঢ্য উপাদান যোগ করার সুযোগ আছে যেমন (১) হার্মোনাইজেশনের ৩য় নোট (২) ট্রাস হার্মোনাইজেশন, (৩) হাম্মিং ইত্যাদি। এ ছাড়া বাদ্যযন্ত্রেরও প্রচুর সুযোগ আছে। টরন্টো-টেলিভিশনের জন্য ২০০৬ সালের আলম-পিয়া সংগীত বিদ্যালয়ের বাচ্চা ছেলেমেয়েরা যেভাবে রেকর্ড করেছে, সেটা অসম্পূর্ণ।